# আওয়ামী লীগের ‘লকডাউন’ কর্মসূচির বিরুদ্ধে ঢাকায় এনসিপির বিক্ষোভ



সংগৃহীত ছবি

নিষিদ্ধঘোষিত রাজনৈতিক দল আওয়ামী লীগের ডাকা আগামীকাল বৃহস্পতিবারের ‘লকডাউন’ কর্মসূচির প্রতিবাদে রাজধানীতে বিক্ষোভ মিছিল করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)।

বুধবার রাতে রাজধানীর বাংলামোটর মোড়ে অবস্থিত এনসিপি কার্যালয়ের সামনে থেকে মিছিলটি শুরু হয়। এতে সংগঠনটির বিভিন্ন স্তরের নেতা-কর্মীরা অংশগ্রহণ করেন। মিছিলটি শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে শাহবাগ মোড়ে গিয়ে শেষ হয়, যেখানে একটি সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তারা বলেন, তাঁরা ‘ফ্যাসিস্টদের হাকডাক বা ভয়-ভীতি’কে পরোয়া করেন না এবং যে কোনো অপচেষ্টা বা ষড়যন্ত্র কঠোরভাবে প্রতিহত করার জন্য প্রস্তুত আছেন। বক্তারা আরও উল্লেখ করেন, জনগণের অধিকার রক্ষায় এনসিপি সর্বদা সক্রিয় ও ঐক্যবদ্ধ থাকবে।

LENS ASIA